BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
" Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.:09638012345

Ref: বিজ্ঞপ্তি নং ঃ বিজিএ/কাস/২০২০/৮৩ ২১/০৫/২০২০ইং

**অতীব জরুরী**

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ পবিত্র ঈদ উল ফিতরের পূর্বে ও পরবর্তি সময়ে চট্টগ্রাম বন্দর হতে তৈরী পোশাক শিল্পের আমদানীকারক কর্তৃক এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী/খালাস করণের প্রসঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রভাবে গত ২৬/০৩/২০২০ইং তারিখ হতে করোনা ভাইরাস সংক্রমন নিরসনে সরকার কর্তৃক সাধারন ছুটি/লক-ডাউন ঘোষনা করা হয়। সাধারন ছুটি চলাকালীন সময়ে তৈরী পোশাক শিল্পের আমদানীকৃত এফসিএল/এলসিএল পণ্য বন্দরের সিএফএস 'এ রাখা হয় কিন্তু বর্তমানে বন্দর সিএফএস 'এএফসিএল/এলসিএল কন্টেইনার ধারনক্ষমতার অধিক হওয়াতে জায়গার সংকুলান হচ্ছেনা এবং পণ্যসমূহ খালাস না করা হলে কন্টেইনার জট সৃষ্টি হতে পারে।

এমতাবস্থায়, উল্লেখিত বিষয়ে চট্টগ্রাম বন্দরে অবস্থিত **তৈরী পোশাক শিল্পের আমদানীকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত খালাস করার জন্য সম্মানিত সদস্যদের বিশেষভাবে অনুরোধ করা হলো** এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত পত্র নং: চবক/টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭ তারিখ ১৯/০৫/২০২০ এতদ্বসঙ্গে সংযুক্ত করা হলো।

**মেজর মোঃ রফিকুল ইসলাম (অবঃ)**
ভারপ্রাপ্ত সচিব

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং - চবক/ টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭ তারিখ ঃ ১৯/০৫/২০২০ খ্রীঃ

বরাবর
সভাপতি
বিজিএমইএ
বিজিএমইএ কমপ্লেক্স,
হাউস # ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১,
উত্তরা, ঢাকা - ১২৩০।

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর পূর্ব ও পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

১। পরিচালক (ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং-০৬/২০২০, তারিখ-২৭/০৪/২০২০ ইং।
২। পরিচালক (ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং-০৬/২০২০, তারিখ-০৫/০৫/২০২০ ইং।
৩। অত্র দপ্তরের পত্র নং- চবক/ টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭; তারিখ ঃ ১৫/০৪/২০০২০ খ্রীঃ , ২৫/০৪/২০২০ খ্রীঃ ও ৯/০৫/২০২০

উল্লেখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন জাহাজে করে আমদানীকারকদের অনুকূলে চট্টগ্রাম বন্দরে যে পরিমাণ এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো আসছে সে অনুযায়ী কন্টেইনার/কার্গো ডেলিভারী হচ্ছে না। অদ্য ১৯/০৫/২০২০ ইং তারিখে চট্টগ্রাম বন্দরে ৪১৯৯০ টিইইউএস কন্টেইনার স্থিত রয়েছে। পাশাপাশি বন্দরের বিভিন্ন সিএফএস-এ বিজিএমই ও বিকেএমই সদস্যদের খাতে ধারণ ক্ষমতার দ্বিগুণ গার্মেন্টস্ ও গার্মেন্টস্ সংশ্লিষ্ট পণ্য ডেলিভারীর অপেক্ষায় আছে। এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো চট্টগ্রাম বন্দর থেকে দ্রুত খালাস করা না হলে ক্যাপাসিটির অতিরিক্ত এফসিএল/এলসিএল কন্টেইনার ও পণ্য সংরক্ষণের ফলে বন্দরে কন্টেইনার/কার্গো জটের সৃষ্টি হতে পারে। করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী আকারে ছড়িয়ে পড়ায় বর্তমানে চট্টগ্রাম বন্দর থেকে আমদানীকৃত এফসিএল ও এলসিএল পণ্য ডেলিভারী খুবই কম হচ্ছে। করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সরকার কর্তৃক গৃহীত সতর্কতামূলক পদক্ষেপ এর পরিপ্রেক্ষিতে আমদানী-রপ্তানীকারকগণকে প্রণোদনা প্রদানের উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো ১৬/০৫/২০২০ইং তারিখের মধ্যে ডেলিভারী গ্রহণ করা হলে উক্ত কন্টেইনার/কার্গোর স্টোররেন্ট শতভাগ (১০০%) মওকুফ করা সত্ত্বে এফসিএল ও এলসিএল পণ্য ডেলিভারী কাঙ্খিত পর্যায়ে হয়নি। প্রচুর পরিমাণ এলসিএল কার্গো সিএফএস সমূহে পড়ে আছে। যার দরুণ নতুন করে কোন এলসিএল কন্টেইনার আনস্টাফিং করা সম্ভব হচ্ছে না। আপনাদের সদস্যবৃন্দকে এলসিএল কার্গো দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারী নেয়ার নির্দেশনা প্রদান ও তা যথাযথভাবে বাস্তবায়িত করা না হলে বন্দরের জাহাজ ও কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়বে এবং এর দায়-দায়িত্ব আপনাদেরকে বহন করতে হবে। একইভাবে এফসিএল কন্টেইনারসমূহ দ্রুত ডেলিভারী গ্রহণ না করার ফলে চট্টগ্রাম বন্দরে এফসিএল কন্টেইনারের জট সৃষ্টি হচ্ছে। তাই আপনাদের সদস্যবৃন্দকে পবিত্র ঈদ-উল-ফিতর পূর্ব ও পরবর্তী এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সহযোগীতা প্রদানের অনুরোধ করা যাচ্ছে। সে লক্ষ্যে এই সময়ে প্রয়োজনীয় সংখ্যক জনবল, ট্রাক/ট্রেইলার/কাভার্ড ভ্যান ও অন্যান্য লজিস্টিক সাপোর্টের ব্যবস্থ নিশ্চিত করতে হবে।

এমতাস্থায়, পবিত্র ঈদ-উল-ফিতর পূর্ব ও পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠু ও গতিশীল রাখার স্বার্থে করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রান্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থা, স্বাস্থ্য মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়ার পাশাপাশি সরকারী ছুটির দিনসহ বন্ধের দিনগুলোতেও এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো স্বাভাবিক রাখার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

বিষয়টি অতীব জরুরী।

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। একান্ত সচিব, নৌ পরিবহন সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। একান্ত সচিব, বাণিজ্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৬। কমিশনার অব কাস্টমস্, চট্টগ্রাম কাস্টম হাউস এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭। পরিচালক (প্রশাঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৮। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৯। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১০। ১ম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস, বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল ।
১১। সভাপতি, বিকেএমইএ,২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা),নারায়ণগঞ্জ-১৪০০, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল ।
১২। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,আগ্রাবাদ, চট্টগ্রাম- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম চেম্বার অব কমার্স বিল্ডিং, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম-অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৫। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৬। পি এ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

স্বাঃ/-

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Scanned with CamScanner